সংবাদ

24 AUG 2008

# ১০ বছরেও পদোন্নতি নীতিমালা হয়নি বঙ্গবন্ধু মেডিকেল বিশ্ববিদ্যালয়ে

নিজস্ব বার্তা পরিবেশক

গত ১০ বছর ধরে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে পদোন্নতি নীতিমালা নিয়ে গড়িমসি চলছে। এ নীতিমালা নিয়ে কমিটির পর কমিটি গঠন করার পরও আজ পর্যন্ত পদোন্নতি নীতিমালা আলোর মুখ দেখেনি। এ নিয়ে মেডিকেল বিশ্ববিদ্যালয়ে মেডিকেল অফিসার, কর্মকর্তা ও কর্মচারীসহ বিভিন্ন পদমর্যাদার ১৫শ'র বেশি স্টাফের মধ্যে হতাশা বিরাজ করছে। অভিযোগ রয়েছে, পদোন্নতি নীতিমালা না থাকায় রাজনৈতিক প্রভাব বিস্তার করে অনেক দলবাজ কর্মকর্তার আত্মীয়-স্বজন রাতারাতি পূর্ব অভিজ্ঞতা ছাড়াই ভার্সিটির গুরুত্বপূর্ণ পদে অবস্থান করছে। আর পাগলা ঘোড়ার মতো লাফিয়ে লাফিয়ে তাদের পদোন্নতি হচ্ছে। এদের মধ্যে অধিকাংশই সাবেক মন্ত্রী এমপি ও বিএনপির শীর্ষ নেতাদের আশীর্বাদপুষ্ট কর্মকর্তা রয়েছে। এ ব্যাপারে পদোন্নতি নীতিমালা কমিটির অন্যতম সদস্য প্রফেসর ডা. ইকবাল আর্সলানের সঙ্গে যোগাযোগ করলে তিনি বলেন, মেধা ও যোগ্যতার ভিত্তিতে কর্মকর্তা ও কর্মচারীদের পদোন্নতি নীতিমালা এ মাসেই হয়ে যাবে। একটি খসড়া তৈরি করে নীতিমালা কমিটির প্রধানের কাছে দেয়া হয়েছে। সূত্র জানায়, দেশের অন্যান্য বিশ্ববিদ্যালয়ের পদোন্নতি নীতিমালা অনুসরণ করে খসড়া তৈরির কাজ চলছে। মেধা যোগ্যতা ও অভিজ্ঞতা মিলিয়ে পদোন্নতি নীতিমালা করা হবে। একাডেমিক কাউন্সিলের দেয়া সুপারিশসহ নীতিমালা প্রণয়নের জন্য একটি সাব কমিটি গঠন করা হয়েছে। সূত্র মতে, নীতিমালা প্রণয়ন কমিটিতে পদোন্নতি নিয়ে বিরোধ চলছে। তাদের মতভেদের কারণে পদোন্নতি নীতিমালা হিমাগারে আটকা পড়ছে। এ নিয়ে ভার্সিটির কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়েছে।

খোঁজ নিয়ে জানা গেছে, ১৯৯৮ সালে মেডিকেল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে আজ পর্যন্ত পদোন্নতি নীতিমালা প্রণয়ন করা হয়নি। এ নীতিমালা নিয়ে বারবার কমিটির পর কমিটি গঠন করা হলে রহস্যজনক কারণে তা কাগজে-কলমে থেকে যাচ্ছে। আর এ সুযোগে বিগত বিএনপি-জামায়াত জোট সরকারের আমলে মেডিকেল অফিসার ও প্রশাসনের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দলীয় বিবেচনায় অযোগ্য লোককে নিয়োগ দেয়া হয়। নাম প্রকাশে অনিচ্ছুক একজন কর্মকর্তা 'সংবাদ'কে জানান, ৬শ'র বেশি মেডিকেল অফিসার, দেড়শ' কর্মকর্তা, তৃতীয় ও ৪র্থ শ্রেণীর ৬শ'র বেশি কর্মচারী বর্তমানে বঙ্গবন্ধু মেডিকেলে কর্মরত রয়েছেন। কিন্তু এদের পদোন্নতি হচ্ছে না। মেডিকেল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে যখন যে সরকার ক্ষমতায় আসছে তখন সে সরকারের মন্ত্রী-এমপিরা তাদের পছন্দের লোকজনকে সহজে ভার্সিটির গুরুত্বপূর্ণ পদে নিয়োগ দিয়েছে। নীতিমালা থাকলে তারা আর এ সুযোগ পেতেন না। কর্মকর্তাদের দাবি, বর্তমান নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের আমলে মেডিকেল বিশ্ববিদ্যালয়ে সুষ্ঠু পদোন্নতি নীতিমালা প্রণয়ন না করা হলে আবারও নিয়োগ পদোন্নতি নিয়ে দুর্নীতি হবে। এ ব্যাপারে মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ডা. তাহিরের সঙ্গে যোগাযোগ করলে তিনি বলেন, পদোন্নতি নীতিমালা তৈরির জন্য কমিটি গঠন করা হয়েছে। এই কমিটি নীতিমালা তৈরি করে দিলে তাঁদের [illegible] জমা দেয়ার কথা।